

নগর উন্নয়ন অধিদপ্তর (ইউডিডি) এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) এর মধ্যে সমঝোতা স্মারক সম্পাদন বিষয়ে।

১. সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রেক্ষাপটঃ

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) সরকারের একটি নোডাল এজেন্সী (Nodal Agency) হিসেবে দেশব্যাপী নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন ও প্রসারের পাশাপাশি জ্বালানি সাশ্রয় ও জ্বালানি দক্ষতা বৃদ্ধিতে কার্যক্রম পরিচালনাসহ এর প্রচার ও প্রসারে কাজ করে যাচ্ছে। নগর উন্নয়ন অধিদপ্তর দেশের সুখম ও পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন করে উক্ত বিষয়ের উপর তাত্ত্বিক জ্ঞানকে বাস্তবে প্রয়োগ করে।

২. সমঝোতা স্মারকের উদ্দেশ্যঃ

ভূমি ব্যবহারের ক্ষেত্রে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বিদ্যুৎ উৎপাদনের সম্ভাব্যতাকে বিবেচনায় নিয়ে ময়মনসিংহে নতুন বিভাগীয় শহর'সহ অন্যান্য শহর/অঞ্চল/গ্রাম/পর্যটন এলাকা ইত্যাদির পরিকল্পনা প্রকল্পের জন্য উপযুক্ত স্থান এবং প্রয়োজনীয় জায়গার পরিমাণ নির্ধারণে পারস্পরিক সহযোগিতায় যৌথভাবে কাজ করার জন্য উভয়পক্ষের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা প্রয়োজন।

৩. সমঝোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশলঃ

বিভিন্ন সেক্টরাল কার্যক্রম উভয় পক্ষের আলোচনার ভিত্তিতে যৌথভাবে সম্পন্ন করা।

৪. সমঝোতা স্মারকের মেয়াদকালঃ

এই সমঝোতা স্মারকের মেয়াদকাল হবে ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত। তবে পারস্পরিক আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে এই সময় বাড়ানো বা কমানো যাবে। অন্যথায়, চলমান বা বন্ধ করা যাবে। তবে বন্ধ করার ক্ষেত্রে এক মাস পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে পরস্পরকে জ্ঞাত করাতে হবে।

৫. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্ব সমূহঃ

ক) ভূমি ও পরিবেশের যথাযথ সমন্বয় সাধনের লক্ষ্যে দুর্যোগ, জলবায়ু পরিবর্তনসহ SDG Frame Work, Habitate-III তথা বিভিন্ন ইস্যু ভিত্তিক বিষয়সমূহ অন্তর্ভুক্তির মাধ্যমে ভূমি ব্যবহার পরিকল্পনায় কার্যক্রম গ্রহণ করবে এবং বাস্তব জ্ঞান সম্পন্ন Sectoral Agency কে চাহিদার ভিত্তিতে সরবরাহ করবে।

খ) “টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা” বিবেচনা করে গৃহীতব্য প্রকল্পসমূহে নবায়নযোগ্য শক্তি ব্যবহারের সুযোগ রাখবে।

গ) নগর পরিকল্পনায় জ্বালানী দক্ষতা এবং জ্বালানী সাশ্রয়ী উদ্যোগ গ্রহণ করবে।

ঘ) নগরায়ন ও জ্বালানী নিরাপত্তা যেন যুগপৎ চলমান থাকে সেজন্য উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণ করবে।

ঙ) নগর উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনাসহ এর ফলাফল উন্নয়ন পরিকল্পনায় প্রয়োগের মাধ্যমে নতুন নতুন কলাকৌশল উদ্ভাবনে কাজ করবে।

চ) Stakeholder গণের সমন্বয়ে গ্রীন বিল্ডিং, জ্বালানী দক্ষতা এবং জ্বালানী সাশ্রয়ী বিভিন্ন বিষয়ে সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করবে।

ছ) নগরায়ন ও মানব বসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয়ে প্রকাশনা প্রকাশ করবে।

৬. টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্ট্রেডা) এর দায়িত্ব সমূহঃ

ক) পারস্পরিক আলোচনার ভিত্তিতে নগর পরিকল্পনার বিভিন্ন প্রকল্পে নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা ও জ্বালানি সাশ্রয়ী কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদানের ক্ষেত্রে কারিগরি পলিসি ও পরামর্শ সেবা প্রদান করবে।


খ) নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা ও জ্বালানি সাশ্রয়ী কার্যক্রমের প্রসারে ও প্রচারে সেমিনার, কর্মশালা, গোলটেবিল বৈঠকসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

গ) স্থাপনা নির্মাণে গ্রীন বিল্ডিং কোড বাস্তবায়ন, গ্রীন বিল্ডিং তৈরী এবং জ্বালানি সাশ্রয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৭. বর্ণিত সমঝোতা স্মারকে যে সকল বিষয় অন্তর্ভুক্ত হয়নি কিন্তু পরবর্তীতে প্রয়োজন সাপেক্ষে অন্তর্ভুক্ত করা যেতে পারে তা উভয় পক্ষের মধ্যে পারস্পরিক আলোচনার ভিত্তিতে ভবিষ্যতে নির্ধারণ করা হবে।


৮. উপরে উল্লেখিত বিষয়গুলো সম্পাদনে আর্থিক বিষয় সম্পৃক্ত নয়। এই ক্ষেত্রে স্ব স্ব সংস্থা নিজ নিজ ব্যয়ভার বহন করবে।

স্বাক্ষর



২০.৬.২০১৮
(সালিমা জাহান)

সদস্য (যুগ্ম-সচিব), নবায়নযোগ্য জ্বালানি
স্ট্রেডা, বিদ্যুৎ বিভাগ, ঢাকা

স্বাক্ষর



১৫.০৩.২০১৮
(ড. খুরশীদ জাব্বার হোসেন তৌফিক)
পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্বাক্ষর


(মোঃ মনজুর মোরশেদ)

পরিচালক (নবায়নযোগ্য জ্বালানি)
স্ট্রেডা, বিদ্যুৎ বিভাগ।

স্বাক্ষর


(আহমেদ আশরাফুর রহমান)
উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়)
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।